

তথ্যবিবরণী

নম্বর-১৪৫

## ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ময়মনসিংহ জেলা প্রশাসনের বিভিন্ন কর্মসূচি

ময়মনসিংহ: (বুধবার, ০৬মার্চ ২০২৪ খ্রি.)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অপরিসীম। ইউনেস্কো কর্তৃক বৈশ্বিক দলিল হিসেবে স্বীকৃত এ ভাষণের দিনটিকে জাতীয়ভাবে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ঘোষণা করা হয়েছে। এ ধারাবাহিকতায় দিবসটির যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জেলা প্রশাসন ময়মনসিংহ কর্তৃক দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ময়মনসিংহের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা সূর্যোদয়ের সাথে সাথে উত্তোলন করা হবে। ৭ই মার্চ সকাল ৭:৩০ মিনিটে ময়মনসিংহের সার্কিট হাউজ প্রাঙ্গণে বঙ্গবন্ধু মুরালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

এ এদিন সকল অনুষ্ঠান স্থলে দিনব্যাপী ৭ই মার্চের ভাষণ প্রচার করা হবে। বিকাল ০৪.০০টায় জেলা শিল্পকলা একাডেমিতে ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৪ উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে।

ময়মনসিংহের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে স্কুল পর্যায়ে ‘অসমাপ্ত আত্মজীবনী’ বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন করা হবে। কলেজ পর্যায়ে ‘কারাগারের রোজনামা’, ‘আমার দেখা নয়া চীন’ এবং **Secret documents of Intelligence Branch on father of the Nation, Bangladesh, Bangabandhu Sheikh mujibur rahman 1948-1971 Declassified Documents** বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন করা হবে।

শম্ভুগঞ্জ ব্রিজের মোড়ে জয়বাংলা চত্বর, শিকারীকান্দা বাইপাস মোড়, চরপাড়া মোড়, নতুন বাজার মোড়, গাঙ্গিনার পাড়, রেলওয়ে স্টেশন চত্বর, আকুয়া বাইপাস মোড়, কাঁচিঝুলি, খাগডহর ও বৈশাখী মঞ্চ সুবিধা জনক সময়ে জাতির পিতা বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শিত হবে।

জাতীয় অনুষ্ঠানের সাথে সঙ্গতি রেখে জেলা- উপজেলা পর্যায়ে যুব সমাজকে সম্পৃক্ত করে সকল যুব প্রশিক্ষণ কেন্দ্রে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপন করা হবে। জিরো পয়েন্ট মোড়, শিকারীকান্দা বাইপাস মোড়, আকুয়া বাইপাস মোড় সজ্জিতকরণ এবং ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৪ ব্যানার লিখে তোরণ নির্মাণ করা হবে। এ দিন শহরের গুরুত্বপূর্ণ সড়ক দ্বীপসমূহ ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ করা হবে।

হদা/দেওয়ান/মনির/রিদওয়ান/রেজভী/২০২৪/১১:০০ ঘন্টা

